দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JAN 2016
পৃ: ১৫ কলাম ৬

# শ্রীমঙ্গলের স্কুলে ষষ্ঠ শ্রেণিতে আসন কম ভর্তিতে সংকট

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা**

এ বছর শ্রীমঙ্গল উপজেলা মাধ্যমিক পর্যায়ে ষষ্ঠ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তিতে সংকট দেখা দিয়েছে। মাধ্যমিক স্কুলগুলোর মোট আসন ক্ষমতার আড়াই গুণেরও বেশি ছাত্র-ছাত্রী পঞ্চম শ্রেণির প্রাথমিক সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে এ পরিস্থিতির উদ্ভব হয়েছে। ভর্তির সুযোগ না পাওয়া বহুসংখ্যক শিক্ষার্থী প্রাথমিক পর্যায়েই ঝরে পড়বে এমন আশঙ্কা বিভিন্ন মহলের।

এ বছর উপজেলার ১৩৮টি প্রাইমারি স্কুলে পঞ্চম শ্রেণি থেকে উত্তীর্ণ হয়েছে ৮ হাজার ৮০২ জন। গত বছর এ সংখ্যা ছিল ৫ হাজার ৭০০। অপরদিকে সারা উপজেলায় মাধ্যমিক স্কুল রয়েছে ২৬টি এবং শিক্ষা বিভাগের নিয়ম ও অবকাঠামো সুবিধা নিয়ে এ সব স্কুলে ষষ্ঠ শ্রেণিতে আসন রয়েছে ৩ হাজার ১৭৪টি। এ হিসাবে ৫ হাজার ৬২৮ জন শিক্ষার্থী অতিরিক্ত হয়ে পড়ছে।

এ বিষয়ে উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক উভয় শিক্ষা কর্মকর্তা জানান, এনজিওর স্কুলগুলোতে গণহারে ছাত্র-ছাত্রী ভর্তি করার কারণে এ বছর পাসের এ সংখ্যাস্ফীতি ঘটেছে। এ ছাড়া, চা বাগানগুলোতে নতুন নতুন প্রাইমারি স্কুল হওয়ার কারণেও সংখ্যাবৃদ্ধি ঘটেছে।

উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার উদ্দেশ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও নির্বাহী কর্মকর্তা সব মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতির সঙ্গে বৈঠক করেছেন। এসব বৈঠকে বেঞ্চ-ডেস্ক ও শিক্ষকসহ বিভিন্ন বিদ্যালয়ের অবকাঠামো সম্প্রসারণ, দুই শিফটে শিক্ষাদান পদ্ধতি চালু, জেমস ফিনলের একটি চা বাগানে নতুন একটি উচ্চবিদ্যালয় খোলার বিষয়ে আলোচনা হয়।